[redacted]

[redacted]

[redacted]

[

সম্প্রতি সে জেল থেকে বের হয়ে এসে আবারো এলাকায় সকল প্রকার অপকর্মের নেতৃত্ব দিয়ে আসছে। অবিলম্বে ডিশ বাবুসহ আসামীদের গ্রেফতার পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহনের জোর দাবী জানিয়েছে সাংবাদিক নেতৃবৃন্দ।

শৈলকুপায় উপজেলা চেয়ারম্যান পদে উপ-নির্বাচনে ৩ জনের মনোনয়ন পত্র দাখিল।

ঝিনাইদহের শৈলকুপায় উপজেলা চেয়ারম্যান পদে উপ-নির্বাচনে মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিনে ৩ (তিন) জন মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

আওয়ামী লীগ মনোনীত প্রয়াত উপজেলা চেয়ারম্যানের সহধর্মীনি শেফালী বেগম, বিএনপির সমর্থিত হুমায়ন বাবর ফিরোজ (সাবেক ছাত্রদল নেতা, ইবি) ও স্বতন্ত্র প্রার্থী সাবেক ছাত্রলীগ নেতা আনিছুর রহমান।

শৈলকুপা উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সহকারী রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে, বুধবার দুপুরে আওয়ামী লীগের দলীয় প্রার্থী শেফালী বেগম।

এসময়, মোঃআব্দুল হাই, এমপি, ঝিনাইদহ -১ ও ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি এবং শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও, দুপুরে ঝিনাইদহ জেলা রির্টানিং কর্মকর্তার কার্যালয়ে বিএনপির দলীয় প্রার্থী হুমায়ন বাবর ফিরোজ ও বিকেলে সতন্ত্র প্রার্থী আনিছুর রহমান মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

জেলা রির্টানিং কর্মকর্তা রোকনুজ্জামান জানান, মনোনয়ন জমা দেয়ার শেষ দিনে ৩ জন প্রার্থী তাদের মনোনয়ন জমা দিয়েছেন। আগামী ২৮ ফেব্রুয়ারী শৈলকুপা উপজেলা পরিষদ চেয়ারম্যান পদে উপ-নির্বাচন

অনুষ্ঠিত হবে।

গত ৩ নভেম্বর শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি শিকদার মোশারফ হোসেন (সোনা সিকদার) এর স্ট্রোক জনিত কারণে মৃত্যুতে চেয়ারম্যান পদটি শুন্য হয়।

কালীগঞ্জে কৃষি প্রকল্পের উপর কর্মশালা

কালীগঞ্জে পানি সাশ্রয়ী কার্ষকারী কৃষি প্রকল্পের উপর কৃষকদের নিয়ে এক কর্মশালা অনুষ্টিত হয়েছে। সেচ্ছাসেবী সংগঠন সোনার বাংলা ফাউন্ডেশনের আয়োজনে গতকাল বুধবার বেলা ১১ টায় উপজেলা পরিষদের সন্মেলন কক্ষে অনুষ্টিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু। কর্মশালাতে উপজেলার দুই ইউনিয়নের ২০ টি গ্রামের কৃষক প্রতিনিধি ও উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাসহ গনমাধ্যমের কর্মীগণ অংশ নেন।

জাপান ভিত্তিক শেয়ার দ্যা প্লানেট এ্যসোসিয়েশনের সহযোগিতায় কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রানী সাহার সভাপতিত্বে কর্মশালাতে বিশেষ অতিথি ছিলেন, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী ও মহিলা ভাইস চেয়ারম্যান শাহানাজ পারভীন।

কর্মশালার শুরুতে সোনার বাংলা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শিবুপদ বিশ্বাস জানান, জাপান ফান্ড ফর গ্লোবাল এর অর্থায়নে তারা পানী সাশ্রয়ী চাষাবাদে কৃষকের আগ্রহী করতে কাজ করছেন।

ইতোমধ্যে উপজেলার দুইটি ইউনিয়নে ২০ টি গ্রামের ৩০০ জন কৃষককে প্রশিক্ষণ দেওয়াসহ জমির মাটি পরিক্ষা করানো হয়েছে। কৃষকদের মাঠের ওই জমিতে পানী সাশ্রয়ী চাষের জন্য বিনা খরচে ১২৫ টি মিনি পুকুর কেটে দেওয়া হয়েছে। এছাড়াও তারা কৃষকদের ভার্মি কম্পোষ্ট সার তৈরিসহ নানা কাজে সহযোগীতা করে আসছেন।

কর্মশালাতে উপস্থিত কৃষকদের মধ্যে আশরাফুল ইসলাম ও কমলেশ শর্মা

জানান, তাদের মাঠের ক্ষেতে পানি সাশ্রয়ী এ প্রযুক্তি গ্রহণ করে তারা বেশ লাভবান হয়েছেন। প্রতি বিঘা জমিতে তারা প্রায় ৬ হাজার টাকা সাশ্রয় করতে পেরেছেন।

কর্মশালাতে আরও বক্তব্য রাখেন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আতিকুল ইসলাম, কালীগঞ্জ প্রেস ক্লাবের সভাপতি জামির হোসেন, বিআরডিবি কর্মকর্তা মনিরুজ্জামান, সমাজ সেবা কর্মকর্তা কৌশিক খান ও কৃষি কর্মকর্তা ছাড়াও উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বিজ্ঞান ও কারিগরি ইনস্টিটিউটের নির্মাণ কাজের উদ্বোধন

ঝিনাইদহে বিজ্ঞান ও কারিগরি ইনস্টিটিউটের নির্মাণ কাজ উদ্বোধন করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। গতকাল বুধবার দুপুরে শহরতলীর গোপিনাথ পুর এলাকায় প্রতিষ্ঠানের নিজস্ব জমিতে এই ভবন নির্মাণ কাজের উদ্বোধন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের সুপার আব্দুল্লাহ আল মামুন, মল্লিক শহিদুল ইসলাম কারিগরি কলেজের অধ্যক্ষ আব্দুর রশীদ, ঝিনাইদহ জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তী, ম্যানেজিং কমিটির সদস্য জাসদ নেতা মনিরুজ্জামান রাসেল, মনিরুজ্জামান উজ্জল,

শিক্ষবিদ সদস্য ও সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক ওহিদুজ্জামান উজ্জল, সাংবাদিক শাহানুর আলম, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারী, প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সম্মানিত সদস্যসহ প্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ।

নির্মাণ কাজের উদ্বোধন শেষে শিক্ষক শিক্ষার্থীদের উদ্যোগে মৌসুমী পিঠা উৎসবের আয়োজন করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পদে ৫২ জন ও সংরক্ষিত নারী কাউন্সিলর পদে ১০ জন মনোনয়ন পত্র জমা দিয়েছেন। গতকাল মঙ্গলবার কালীগঞ্জ পৌরসভা নির্বাচনের মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন ছিল।

বিষয়টি নিশ্চিত করেছেন কালীগঞ্জ উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার আলমগীর হোসেন।

তিনি জানান, মনোনয়ন পত্র জমা দেওয়ার শেষ দিনে মেয়র পদে ধানের শীষ প্রতীকের আলহাজ্ব মাহবুবার রহমান, নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ, ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারের ভাই স্বতন্ত্র এনামুল হক ইমান ও ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের হাতপাখা প্রতীকের নুরুল ইসলাম মনোনয়নপত্র জমা দিয়েছেন।

এছাড়াও পুরুষ কাউন্সিলর পদে ৯টি ওয়ার্ডে ৫২ জন ও সংরক্ষিত নারী কাউন্সিলর পদে তিনটি ওয়ার্ডে মোট ১০ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। আগামী ২৮ ফেব্রুয়ারি কালীগঞ্জ পৌরসভা নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

তফসিল অনুয়ায়ী আগামী ৪ ফেব্রয়ারি মনোনয়নপত্র যাচাই বাছাই, ১১ই ফেব্রয়ারি প্রত্যাহার ও ২৮ ফেব্রয়ারি ভোট গ্রহণ অনুষ্টিত হবে। এ পৌরসভার মোট ভোটার সংখ্যা ৩৮ হাজার ৪ শত ৮৪ জন।

৯টি ওয়ার্ডে পুরুষ কাউন্সিলর পদে মনোনয়নপত্র জমা দিলেন: ১নং ওয়ার্ডঃ ৬ জন প্রার্থী মনোনয়পত্র জমা দিয়েছেন। তারা হলেন- মোঃ মতিয়ার রহমান পিন্টু, মোঃ তৌহিদুল ইসলাম, মোঃ রাশেদুল হক, মোঃ মোশারেফ হোসেন, মোঃ জহুরুল ইসলাম খোকন ও ফরিদ আহম্মেদ।

২নং ওয়ার্ডে ১০ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন-মোঃ ফাইজুর রহমান, দীনবন্ধু বিশ্বাস, মোঃ সাহিদুল ইসলাম, মোঃ হাফিজুর রহমান রুবেল, মিজানুর রহমান, মোঃ রুবেল মিয়া, মোঃ মুনজুর আলী, মোঃ ইমরান হোসেন, আরিফ হোসেন ও মোঃ দেলোয়ার হোসেন।

৩নং ওয়ার্ডে ৬ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন-মোঃ আশরাফুল ইসলাম, মোঃ ফয়েজ উদ্দিন, মোঃ মনিরুজ্জামান স্বপন, মোঃ জিল্লুর রহমান, মোঃ খায়রুল ইসলাম ও মোঃ আশরাফুজ্জামান।

৪নং ওয়ার্ডে ৭ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন-মোঃ বদিউজ্জামান, মোঃ জামাল উদ্দিন, মোঃ আব্দুর রহিম, মোঃ

মশিয়ার রহমান, মোঃ শাহীনুর হোসেন, মোঃ আরিফুজ্জামান ও মোঃ মাছুদ আলী মালিতা।

৫নং ওয়ার্ডে ২ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন-আলমগীর হোসেন ও মোঃ মনিরুজ্জামান।

৬নং ওয়ার্ডে ৭ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন-মোঃ নাসির উদ্দিন লিটন, মোঃ আনোয়ার হোসেন, মোঃ হীরকুজ্জামান, মোঃ আতিকুর রহমান, মোঃ মিজানুর রহমান, মোঃ সাহেদ আলী ও মোঃ ছমির আলী।

৭নং ওয়ার্ডে ৪ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন- মোঃ মুক্তার হোসেন, মোঃ শামিমুর রহমান, মোঃ শফিকুজ্জামান ও মোঃ আরাফাত হোসেন।

৮নং ওয়ার্ডে ৮জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন-মোহাম্মদ শাহ আলম, শাহিনুর ইসলাম, মোঃ আরিফুল ইসলাম, মোঃ দুলাল হোসেন, মোঃ আসাদুল ইসলাম, মেহেদী হাসান, মোঃ রবিউল ইসলাম ও সাদিক হোসেন সবুজ।

৯নং ওয়ার্ডে ২ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন-মোঃ মার্জেদ আলী বিশ্বাস ও মোঃ ফিরোজ আহমেদ।

এছাড়াও নারী সংরক্ষিত আসনের ৩টি ওয়ার্ডে ৯ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

১ নং ওয়ার্ডে (১, ২ ও ৩) ৪ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন- আঞ্জুয়ারা বেগম, মোছাঃ মমতাজ বেগম, রীতা বিশ্বাস ও ছবি রানী বিশ্বাস।

২নং ওয়ার্ডে (৪, ৫, ও ৬) মাত্র ১জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তিনি হলেন- শামছুন্নাহার বীনা। যাচাই-বাছাইয়ে বাদ না পড়লে বিনা প্রতিদ্বন্দিতায় তিনি নির্বাচিত হবেন।

৩নং ওয়ার্ডে (৭, ৮ ও ৯) ৪ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন- সুনিতা রানী পাল, সোহানা আক্তার, সৌদিয়া পারভিন পান্না, আঞ্জু বেগম ও হেনা খাতুন।

ঝিনাইদহে বেদে সম্প্রদায়ের মাঝে শীতবস্ত্র বিতরণ

ঝিনাইদহে বেদে সম্প্রদায়ের শীতার্তদের মাঝে পুলিশের পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। পুলিশের ঢাকা রেঞ্জের ডিআইজি হাবিবুর রহমানের সহযোগিতায় উত্তরণ ফাউন্ডেশনের পক্ষ থেকে এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

গতকাল মঙ্গলবার সকালে কালীগঞ্জ উপজেলার বেদে পল্লীতে অসহায় ৫ শতাধিক মানুষের মাঝে শীতবস্ত্র তুলে দেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম।

এ সময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাঁশার, কালীগঞ্জ প্রেস ক্লাবের সভাপতি জামির হোসেন, কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মুহাঃ মাহফুজুর রহমান মিয়া, ওসি তদন্ত মতলেবুর রহমান প্রমুখ।

ঝিনাইদহে জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালন

‘টেকসই উন্নয়ন সমৃদ্ধ দেশ, নিরাপদ খাদ্যের বাংলাদেশ’ এ স্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালিত হয়েছে।

ফুড সেফটি মুভমেন্ট নামের একটি সংগঠনের আয়োজনে গতকাল মঙ্গলবার সকালে শহরের উজির আলী স্কুল এন্ড কলেজ মাঠ থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে মুজিব চত্বরে গিয়ে শেষ

হয়। পরে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তব্য রাখেন, খাদ্য অফিসার মোঃ রাসেল, ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান, ঝিনাইদহ ওয়াজির আলী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ হাবিবুর রহমান, জোহান এগ্রো ফুড ইন্ডাস্ট্রিজ এর ব্যবস্থাপনা পরিচালক মোয়াজ্জেম হোসেন, বিসিক মালিক সমিতির সাধারণ সম্পাদক নাজীম উদ্দিন জুলিয়াস, রাহেলা জুট ক্রাফ্ট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শামীম আরা দীপা, ফুড সেফটি মুভমেন্ট এর সভাপতি নাসিম উদ্দিন, সিনিয়র সহ-সভাপতি রফিক আহমাদসহ অন্যান্যরা।

এ সময় বক্তারা বলেন, প্রতিটি জনগণের পাঁচটি মৌলিক অধিকারের একটি খাদ্যের অধিকার। কিন্তু এখনও নিরাপদ খাদ্য আমরা নিশ্চিত করতে পারিনি। তাই ভোক্তা পর্যায়ে নিরাপদ খাদ্য পৌঁছে দিতে উৎপাদনকারী, সরবরাহকারীসহ সকলকে কাজ করতে হবে।

শৈলকুপায় সড়ক দুর্ঘটনায় নিহত এক

শৈলকুপা উপজেলার ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের বড়দাহ মাদ্রাসা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় আরিফ শেখ (৬৫) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

নিহত ব্যক্তি শৈলকুপা উপজেলার ২ নং মির্জাপুর ইউনিয়নের রানীনগর গ্রামের বাসিন্দা। তিনি চড়িয়ারবিল মাধ্যমিক বিদ্যালয়ের দপ্তারির কাজ করেন।

স্থানীয় এলাকাবাসী সূত্রে জানা যায়, তিনি রাস্তা পার হচ্ছিলেন এমন সময় শ্যামলী পরিবহনের একটি গাড়ী এসে তাকে ধাক্কা দিয়ে চলে যায় এবং তিনি ঘটনাস্থলে নিহত হন।

শৈলকুপা থানা অফিসার ইনচার্জ জাহাঙ্গীর আলম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন

[redacted]

[redacted]